

দৈনিক সংবাদ- ২০১৯-০৩-১৩, পৃ- ১৪



মঙ্গলবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে যুদ্ধক্ষেত্রে ধর্ষণ বিষয়ক গবেষণা সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সেমিনারটির আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মিজানুর রহমান। এতে গবেষণা গ্রন্থ উপস্থাপন করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. তুরিন আফরোজ। সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য এবং সিআরটি'র চেয়ারপার্সন অধ্যাপক ড. রফিকুল হুদা চৌধুরী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান, উপ-উপাচার্য অধ্যাপক ড. ফকরুল আলম, ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. অনুপ চৌধুরী এবং কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. ফৌজিয়া মন্নান। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।